

সেন্ট যোসেফস্ স্কুল

অনলাইন মডেল টেস্ট - ২০২০

৭ম শ্রেণি

বিষয় : হিন্দুধর্ম ও নৈতিক শিক্ষা (সৃজনশীল প্রশ্ন)

সময় - ২ ঘণ্টা ৩০ মিনিট

সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান - ৭০


[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোন সাতটি প্রশ্নের উত্তর দাও।]

১. পূজার ঘরে বসে পূর্ণতা তার মাকে প্রশ্ন করল- মা, প্রার্থনা করে কী লাভ? কেনইবা এ প্রার্থনা? মা বললো- সৃষ্টিকর্তাকে কাছে ডাকতে হয়। যে তোমাকে সৃষ্টি করেছে, এই পৃথিবীকে সৃষ্টি করেছে তাকে ডাকতে হবে অন্তর থেকে। মা আরও বললেন - “আমার মাথা নত করে দাও হে তোমার চরণ ধুলার তলে।” এভাবেও তুমি ঈশ্বরের প্রার্থনা করতে পারো।
- ক) ব্রহ্মা মানে কী? ১
খ) ‘জ্ঞানান্তরবাদ’ সম্পর্কে ধারণা দাও। ২
গ) ঈশ্বরের নিকট কেন প্রার্থনা করা উচিত? ব্যাখ্যা করো। ৩
ঘ) “আমার মাথা নত করে দাও হে তোমার চরণ ধুলার তলে।”- এ চরণটির অন্তর্নিহিত তাৎপর্য বিশ্লেষণ করো। ৪

২. ঈশ্বরের সাকার রূপ
↓
দেব-দেবী → অবতার → দর্গা
- ক) কে নিরাকার? ১
খ) ঈশ্বরের সাকার রূপ বলতে কী বুঝ? ২
গ) “ঈশ্বরের সাকার রূপ নানাভাবে প্রকাশিত”- ব্যাখ্যা কর। ৩
ঘ) প্রদত্ত ছকের মর্মার্থ বিশ্লেষণ করো। ৪

৩. আদির বাবু একজন ধর্মিক লোক। তিনি প্রতিদিন তার বাড়ির পাশে মন্দিরে যান। একদিন তিনি বিভিন্ন ধর্মগ্রন্থ নিয়ে তার বন্ধুদের সাথে আলোচনা করতে গিয়ে পুরাণ সম্পর্কে বলেন। তিনি তাদের পুরাণ পাঠ করতে বলেন এবং আরও বলেন, ধর্মগ্রন্থ পাঠ করলে মানুষের কল্যাণ সাধিত হয়।
- ক) মহাভারত কী? ১
খ) পুরাণ সম্পর্কে ধারণা দাও। ২
গ) তুমি তোমার বন্ধুকে কীভাবে পুরাণের আলোচনা শুনিতে ভালো পথে ফিরিয়ে আনবে ব্যাখ্যা করো। ৩
ঘ) “ধর্মগ্রন্থ পাঠ করলে মানুষের কল্যাণ সাধিত হয়।”- কথাটি বিশ্লেষণ করো। ৪

৪. “যা দেবী সর্বভূতেষু শক্তিবৃপেন সংলিখতা
নমস্তস্যৈ নমস্তস্যৈ নমস্তস্যৈ নমো নমঃ।”
- ক) পুরাণ শব্দের অর্থ কী? ১
খ) মন্তব্য বলতে কী বুঝায়? ২
গ) উদ্দীপকে উল্লিখিত শ্লোকটি হিন্দুধর্মের কোন ধর্মগ্রন্থকে নির্দেশ করে? ব্যাখ্যা করো। ৩
ঘ) উদ্দীপকে নির্দেশিত গ্রন্থটি পাঠের গুরুত্ব সম্পর্কে তুমি কি একমত পোষণ করো? ৪


৫. নিচের চিত্রটি দেখ।
- 
- ক) সায়াহু মানে কী? ১
খ) পূর্বাঙ্কুতা বলতে কী বুঝায়? ২
গ) উদ্দীপকের চিত্রটির অনুশীলন পদ্ধতি ব্যাখ্যা করো। ৩
ঘ) শরীর ও মনের ওপর শলভাসনের নিয়মিত অনুশীলনের প্রভাব বিশ্লেষণ করো? ৪

৬. ব্রহ্মা মুরারিপ্রিয়াসুকারী
ভানুঃ শশী ভূমি সুতো বৃধশ্চ।
গুরুশ্চ শুক্রঃ শনিরাহকেতুঃ
কুর্বেন্ত সর্বে মম সুপ্রভাতম্ ॥
- ক) অন্ন শব্দের অর্থ কী? ১
খ) স্নায়ুদৌর্বল্য কেন হয়? ২
গ) উদ্দীপকে উল্লিখিত শ্লোকটি নিত্যকর্মের কোন কৃত্যকে নির্দেশ করে? ব্যাখ্যা করো। ৩
ঘ) উক্ত শ্লোকটির সরলার্থ বিশ্লেষণ করো। ৪

৭. পোস্টার দুটি লক্ষ্য করো।
- A
“সততাই সর্বোৎকৃষ্ট পন্থা”
- B
“তিতিক্ষা ধর্মের অঙ্গ”

- ক) কৈকেয়ী কে ছিলেন? ১
খ) আন্তরিকতা বলতে কী বুঝায়? ২
গ) পোস্টার ‘A’ তে উল্লিখিত বাক্যটির মর্মার্থ ব্যাখ্যা করো। ৩
ঘ) পোস্টার ‘B’ তে উল্লিখিত বাক্যটির যথার্থতা বিশ্লেষণ করো। ৪

৮. দৃশ্যকল্প: ১- কালিন্দী হ্রদের জল এক বিষধর সাপের বিষে বিষাক্ত হলে বৃন্দাবনের এক গোপবালক সাপকে বিতারিত করে হ্রদের জলকে পানযোগ্য করেন।
- দৃশ্যকল্প: ২- বীরেশ্বরের নিকট জাতি, ধর্মের কোনো ভেদাভেদ ছিল না। তিনি সকলকে ভ্রাতৃত্বের বন্ধনে আবদ্ধ করেছিলেন।
- ক) কে অসুরদের হাত থেকে গোকুলের শিশুদের রক্ষা করেন? ১
খ) শ্রী কৃষ্ণ কীভাবে বকাসুর বধ করেন? ২
গ) দৃশ্যকল্প-১ এর ঘটনাটি পঠিত বিষয়ের কোন দিকটিকে নির্দেশ করে? ৩
ঘ) দৃশ্যকল্প-২ এর ‘বীরেশ্বর’ ছিলেন বিশ্ব ভ্রাতৃত্বের এক অনবদ্য দৃষ্টান্ত- বিশ্লেষণ করো। ৪

৯. নিচের চিত্রটি দেখ।
- 
- ক) স্বামী বিবেকানন্দের প্রকৃত নাম কী? ১
খ) সারদা দেবীর পরিচয় ব্যাখ্যা করো। ২
গ) দৃশ্যমান চিত্রটি তোমার পঠিত কোন মহাপুরুষের সাথে সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা করো। ৩
ঘ) উক্ত মহাপুরুষকে গিরিধারী বলার কারণ বিশ্লেষণ করো। ৪

১০. নিচের পোস্টারটি দেখ।
- A
“উদারচরিতানাং তু বসুধৈব কুটুম্বকস মম”
- B
যে যথা মাং প্রপদন্তে তাংস্তুথৈব ভজামহম্।
মম বর্তানুবর্তন্তে মনুষ্যাঃ পার্থ সর্বশঃ ॥ (৪/১১)

- ক) সাহস শব্দের অর্থ কী? ১
খ) সেবা বলতে কী বুঝায়? ২
গ) পোস্টার ‘A’ কোন নৈতিক মূল্যবোধের সাক্ষ্য বহন করে? ব্যাখ্যা করো। ৩
ঘ) পোস্টার ‘B’ ব্যক্তিজীবন, সমাজজীবন ও রাষ্ট্রের ক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ নৈতিক গুণ।”- বিশ্লেষণ করো। ৪

১১. পরের কারণে স্বার্থ দিয়া বলি,
এ জীবন মন সকলই দাও,
তার মতো সুখ কোথাও কী আছে,
আপনার কথা ভুলিয়া যাও।

- ক) আত্মতৃপ্তি কী? ১
খ) বশিষ্ঠের উদারতার ধারণা ব্যাখ্যা করো? ২
গ) উদ্দীপকে উল্লিখিত পঙ্ক্তিতে কোন নৈতিক গুণাবলিকে নির্দেশ করে? ব্যাখ্যা করো। ৩
ঘ) ব্যক্তিজীবনে উক্ত পঙ্ক্তির প্রভাব মূল্যায়ন করো। ৪